ওয়াশিংটন বাংলা
The Washington Bangla WB
First & only Bangla Newspaper from Greater Washington DC

Tuesday July 29, 2008 Vol: 01, Issue: 02

অপর্ণা রায় আত্নহত্যা করেছেন, মরদেহ স্বামী সুমন রায়ের নিকট হস্তান্তর করা হয়েছে

ভিওবিডি, ওয়াশিংটন ডিসি থেকেঃ হাসপাতাল কর্তৃপক্ষ এবং প্রিন্স উইলিয়াম কাউন্টি পুলিশ জানিয়েছে অপর্ণা রায় আত্নহত্যা করেছে। তাকে কেউ হত্যা করেছে কিংবা তার উপর কোন জোর খাটিয়েছে এমন কোন প্রমান পুলিশ পায়নি এবং হাসপাতাল কর্তৃপক্ষের রিপোর্টেও তা প্রকাশ পায়নি। প্রিন্সউইলিয়াম কাউন্টি পুলিশের অফিসার মিঃ বার্ক বলেন, মঙ্গলবার অপর্ণা মিত্রের মরদেহ তার স্বামী সুমন রায়ের জিম্মায় হস্তান্তর করা হবে। স্বামী সুমন রায় কর্তৃক অপর্ণা রায়কে নির্যাতন সংক্রান্ত এক প্রশ্নের জবাবে পুলিশ অফিসার বার্ক বলেন, আমেরিকার আইনে স্ত্রী প্রতি স্বামীর দাবী অগ্রগন্য। অপর্ণা রায়ের স্বামী সুমন রায় কিংবা তার শাশুড়ী প্রতিমা রায় যে তাকে ইতিপূর্বে নির্যাতন করেছিল তার কোন প্রমান বা কোন অভিযোগ আমাদের কাছে নেই এবং কোনদিন ছিলওনা। তিনি বলেন, অপর্ণা রায় যদি তার স্বামী কিংবা শাশুড়ী কর্তৃক নির্যাতিত হয়ে থাকে তাহলে সে পুলিশের আশ্রয় নিতে পারত, আইনের মাধ্যমে আলাদা হয়ে যেতে পারত। কিন্তু সে তা করেনি এবং তার পক্ষ হয়েও কেউ আমাদের নিকট কোন অভিযোগ করেনি। সুতারাং দোষী প্রমানিত না হওয়া পর্যন্ত কাউকে আমরা দোষী সাব্যস্ত করতে পারিনা। (বাকি অংশ ১৯ এর পাতায়)

অনলি সুলিউশন ইজ দ্যা ইলেকশন, নির্বাচন না হলে “আই সিম্পলি কুইট”ঃ প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) এম এ মালেক

ভিওবিডি, ওয়াশিংটন ডিসি থেকেঃ প্রধান উপদেষ্টার ডাক, তার ও সমাজকল্যাণ বিষয়ক বিশেষ সহকারী ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) এম এ মালেক বলেছেন, বর্তমান প্রেক্ষাপটে বাংলাদেশে “অনলি সুলিউশন ইজ দ্যা ইলেকশন”। ইলেকশন এটা হতেই হবে ডিসেম্বরে। এরকোন বিকল্প নেই। আগামী ডিসেম্বরের মধ্যেই দেশে একটি সুষ্ঠ এবং সবার কাছে গ্রহনযোগ্য একটি জাতিয় নির্বাচন অনুষ্ঠিত হবে এবং এই নির্বাচনের মাধ্যমে বাংলাদেশের নবযাত্রা শুরু হবে। দেশ আর পিছন ফিরে যাবেনা। নির্বাচনের মধ্য দিয়ে দেশে স্বচ্ছ সুষ্ঠ ও সুন্দর এবং সুস্থ্য ধারার রাজনৈতিক নেতৃত্ব আসবে,। দূর্ণীতি ও সন্ত্রাস মুক্ত বাংলাদেশের (বাকি অংশ ২৪ এর পাতায়)

খালেদা জিয়াও তারেক রহমানকে মুক্তি না দিলে দেশে রেমিট্যান্স পাঠানো বন্ধের হুমকি দিয়েছে সৌদি আরব বিএনপি

ভিওবিডি, রিয়াদ থেকেঃ বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে মুক্তি ও তারেক রহমানকে চিকিৎসার জন্য বিদেশে না পাঠালে দেশে রেমিট্যান্স পাঠানো বন্ধের হুমকি দিয়েছে সৌদি আরব বিএনপি। গতকাল রিয়াদের একটি (বাকি অংশ ২৬ এর পাতায়)

জাতিসংঘ মহাসচিবকে স্মারকলিপি হাসিনার স্থায়ী মুক্তি এবং মির্জা আজমের মুক্তির জন্যে আন্তর্জাতিক হস্তক্ষেপ কামনা

এনা, জাতিসংঘ থেকেঃ শেখ হাসিনার স্থায়ী মুক্তি এবং যুবলীগ সেক্রেটারী মির্জা আজমের নিঃশর্ত মুক্তি ও যুবলীগ চেয়ারম্যান জাহাঙ্গির কবির নানকের উপর থেকে হুলিয়া প্রত্যাহারে জাতিসংঘ মহাসচিবের হস্তক্ষেপ কামনা করে ২৪ জুলাই একটি স্মারকলিপি প্রদান করা হয়েছে মহাসচিব বান কি-মুন বরাবরে। যুক্তরাষ্ট্র যুবলীগের পক্ষ (বাকি অংশ ২৬ এর পাতায়)

৩ হাজার বাংলাদেশি প্রযুক্তিকর্মী এইচ-ওয়ান বি ভিসায় এবছর যুক্তরাষ্ট্র যাচ্ছেন

ওয়াশিংটন বাংলা, ঢাকা থেকেঃ প্রফেশনালদের জন্য যুক্তরাষ্ট্রের অভিবাসন ভিসা এইচ-ওয়ান বি’র আওতায় এবছর ৩০০০ বাংলাদেশি প্রযুক্তিকর্মী যুক্তরাষ্ট্র যাচ্ছে। সেদেশে অবস্থানরত এনআরবিদের ঐকান্তিক প্রচেষ্টা ও চাকরি সংক্রান্ত দেশি-বিদেশী কিছূ ওয়েবসাইটের কল্যাণে বাংলাদেশিদের এ ভিসা প্রাপ্তির সংখ্যা প্রতিবছর বাড়ছে। সরকারের পক্ষ থেকে কিছু পদক্ষেপ নেয়া হলে এসংখ্যা বহুগুণ বাড়ানো সম্ভব বলে একাধিক সূত্রে জানা (বাকি অংশ ২৬ এর পাতায়)

পৈত্রিক সম্পত্তি দাবি করতে এসে পালিয়ে বেড়াচ্ছেন কানাডা প্রবাসী এক পরিবার

ভিওবিডি. ঢাকা থেকে- ২২ জুলাইঃ পৈত্রিক সম্পত্তি দাবি করতে এসে বিপাকে পড়েছেন কানাডা প্রবাসী এক পরিবার। আপন ভাইয়ের হাতে লাঞ্ছিত হয়ে পরিবার-পরিজন নিয়ে প্রাণনাশের হুমকির মুখে চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন। রবিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সাংবাদিক সম্মেলনে কানাডা প্রাবাসিনী রডা আলম হান্নান সহোদর নাফিজ আলম ও তার স্ত্রী লিপির নির্যাতনের কথা সাংবাদিকদের কাছে বলতে গিয়ে কান্নায় (বাকি অংশ ২১ এর পাতায়)

লন্ডনী কন্যাদের বিয়ে করার পরও সহজে ভিসা পাবে না বাঙালীরা, ফোর্স ম্যারেজ ঠেকাতে হার্ডলাইনে বৃটিশ হোম অফিস

সোয়েব উদ্দিন কবীর সোহেল, লন্ডন থেকেঃ ফোর্স ম্যারেজ ঠেকাতে কঠোর অবস্থানে যাচ্ছে বৃটিশ হোম অফিস। ইতোমধ্যে ৫টি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্তও জানিয়ে দেয়া হয়েছে। গত বুধবার বৃটেন হোম অফিস থেকে জানানো হয়েছে নতুন এ তথ্য। একজন ব্রিটিশ নাগরিক বা স্থায়ীভাবে বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তির স্পাউস ম্যারেজ ভিসার অধীনে তার স্ত্রী কিংবা স্বামী বৃটেনে আসতে পারেন। তবে তখন ঐ বৃটিশ সিটিজেনশীপপ্রাপ্ত ব্যক্তিকে স্পাউসের স্পন্সর হতে হবে। এই আইনের ফাঁক গলে বৃটেনের বিশেষ করে দক্ষিণ (বাকি অংশ ২৫ এর পাতায়)

বিএনপি’র যুক্তরাষ্ট্র শাখা এখন নির্জীব নিষ্ক্রিয়

ওয়াশিংটন বাংলা ডেস্ক রিপোর্টঃ বিএনপি’র যুক্তরাষ্ট্র শাখা এখন নির্জীব নিষ্ক্রিয় নিথর। গত প্রায় দুই মাস থেকে কার্যত অচল হয়ে আছে সংগঠনটি। এর জন্য মূলত দায়ী দলের চালিকা শক্তি হিসেবে পরিচিত দুই ব্যক্তিত্বকে দল থেকে বহিস্কার। কোনো কারণ ছাড়াই আকস্মিকভাবে দু’মাস আগে যুক্তরাষ্ট্র বিএনপি’র সহসভাপতি আলহাজ সুলাইমান ভুঁইয়া ও সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লুকে দল থেকে বের করে দেয়া হয়। নেতাকর্মীরা দলের মহাসচিব (বাকি অংশ ২৬ এর পাতায়)

বিএনপি মহাসচিব পরিবর্তন হতে পারে

ভিওবিডি, ঢাকা থেকেঃ বিএনপির খালেদা জিয়া নিযুক্ত মহাসচিব খোন্দকার দেলোয়ার হোসেনকে পরিবর্তন করা হতে পারে। সূত্রমতে, খালেদা জিয়া নিজেই মহাসচিব পদে এই পরিবর্তন চাইছেন। তিনি এরইমধ্যে তার মনোভাব একজন আইনজীবীর মাধ্যমে বিএনপির এক প্রভাবশালী নেতাকে জানিয়েছেন। (বাকি অংশ ২৯ এর পাতায়)

প্রবাসী বাংলাদেশীদের বিশেষ নাগরিক সুবিধা ২০০৯ প্রদানের দরখাস্ত গ্রহণের সময়সীমা বৃদ্ধি

ওয়াশিংটন বাংলা ডেস্ক রিপোর্টঃ রেমিটেন্স প্রেরণকারী প্রবাসী বাংলাদেশীদের বিশেষ নাগরিক সুবিধা ২০০৯ প্রদানের জন্য দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ৩১ জুলাই থেকে বৃদ্ধি করে ৭ আগস্ট ২০০৮ করা হয়েছে। যেসব আবেদনকারী ইতঃপূর্বে দরখাস্ত দাখিল করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। বিস্তারিত তথ্য www.probashi.gov.bd ও www.bmet.org.bd ওয়েবসাইট থেকে জানা যাবে। তথ্য বিবরণী।

খালেদা জিয়াকে নিঃশর্ত মুক্তি ও তারেক রহমানকে বিদেশে চিকিৎসার জন্য সরকারের প্রতি কানাডা বিএনপি‘র আহ্বান

ভিওবিডি, কানাডা থেকেঃ কানাডা বিএনপি বিএনপি কানাডা শাখার সভাপতি ইকবাল আহমেদ ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোঃ শওকত আলী মামুন এক যুক্ত বিবৃতিতে সরকারের দায়িত্ববোধ ও নিরপেক্ষতা (বাকি অংশ ৫ এর পাতায়)

OBAMA'08

khabor
We Know Bangladesh Better

ওয়াশিংটন বাংলায়

বিজ্ঞাপন দিন

VOBD

Email: washingtonbangla@yahoo.com